**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 23.04.2024 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১/ নিয়োগ দুর্নীতি মামলায় চাকরী বাতিল হওয়া শিক্ষকদের মধ্যে ভোট কর্মীরা থাকলেও ভোট পরিচালনায় কোনো অসুবিধা হবে না বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

এদিকে, চাকরী হারানো শিক্ষক ও শিক্ষা কর্মীদের একাংশ কলকাতা সহ বিভিন্ন জায়গায় বিক্ষোভ দেখিয়েছেন।

২/ নিয়োগ দুর্নীতি মামলায় অভিযুক্ত আধিকারিকদের বিরুদ্ধে বিচার প্রক্রিয়ার অনুমতি দেওয়া নিয়ে ফের মুখ্য সচিবের জবাব তলব করেছে কলকাতা হাইকোর্ট ।

৩/ তারকা প্রচারকদের নির্বাচনী সভাতে'ও আজ উঠে আসে SSC মামলায় হাই কোর্টের রায়ের প্রসঙ্গ।

৪/ দ্বিতীয় দফা লোকসভা ভোটের প্রচার শেষ হচ্ছে আগামীকাল।

৫/ শনিবার পর্যন্ত দক্ষিণবঙ্গে তাপ প্রবাহের পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

৬/ ভুবনেশ্বরের কলিঙ্গ স্টেডিয়ামে ISL-এর প্রথম সেমি ফাইনালে মোহোনবাগান সুপার জায়ান্টস ওড়িশা এফ সি-র মুখোমুখি হয়েছে।

************************************************************

নিয়োগ দুর্নীতি মামলায় চাকরী বাতিল হওয়া শিক্ষকদের মধ্যে ভোট কর্মীরা থাকলেও ভোট পরিচালনায় কোনো অসুবিধা হবে না বলে নির্বাচন কমিশন মনে করছে। রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী আজ জানিয়েছেন চাকরি যাওয়ার ফলে ওই শিক্ষকদের ভোটকর্মীর কাজ থেকে বাদ দেওয়া হলেও, ভোটে তার প্রভাব পড়বে না। হাতে রাখা অতিরিক্ত কর্মীরা সেই ঘাটতি মিটিয়ে দেবেন।কারণ, ভোটে সব সময় ২০-২৫ শতাংশ অতিরিক্ত ভোটকর্মী রাখা হয়। কোনও ভোটকর্মীর চাকরি চলে গেলে ওই দায়িত্বে অন্য কাউকে নিয়োগ করা হবে। তবে কমিশন এখনই এ বিষয়ে চূড়ান্ত কোনও সিদ্ধান্ত নেয়নি।

এদিকে রাজ্যে লোকসভা নির্বাচনের তৃতায় দফায় মোট ৫৭ জন প্রার্থী প্রতিদ্বন্দিতার আসনে রয়েছেন। ওই পর্বে আগামী ৭ মে মালদা উত্তর, মালদা দক্ষিণ, মুর্শিদাবাদ ও জঙ্গিপুর আসনে ভোট নেওয়া হবে। অরিন্দম বাবু জানিয়েছেন ওই দফায় চার কেন্দ্রের মধ্যে মালদা দক্ষিণে সর্বাধিক ১৭ জন প্রার্থী রয়েছেন। এছাড়া মালদা উত্তরে ১৫ জন, জঙ্গিপুরে ১৪ জন মুর্শিদাবাদে ১১ জন প্রার্থী প্রতিদ্বন্দিতা করবেন। চতুর্থ দফার নির্বাচনের জন্য মনোনয়ন দাখিলের পর্ব চলছে। এপর্যন্ত ওই পর্বের আটটি লোকসভা আসনের জন্য এপর্যন্ত ৩৮ টি মনোনয়ন জমা পড়েছে।

*********************

হাই কোর্টের রায়ে চাকরি হারিয়েছেন ২৫ হাজার ৭৫৩ জন। কলকাতার শহিদ মিনার চত্বরে আজ সকালে ধর্নায় বসেন সেই চাকরিহারাদের একাংশ। তাঁদের প্রশ্ন, অযোগ্য কয়েক জনের জন্য যোগ্যদের কেন শাস্তি পেতে হবে? সিবিআই এত দিন ধরে তল্লাশি চালিয়ে কেন যোগ্য আর অযোগ্য চাকরিপ্রাপকদের মধ্যে ফারাক করতে পারল না, সেই প্রশ্নও তুলেছেন তাঁরা। বিভিন্ন জেলাতেও বিক্ষোভ দেখিয়েছেন চাকরী খোয়ানো নারী পুরুষ। হঠাৎ চাকরি হারালে পরিবার-পরিজন নিয়ে কিভাবে বাঁচবেন, অযোগ্যদের জন্য তাঁদের সামাজিক সম্মানহানি কেন হবে, সেই প্রশ্ন তুলেছেন তাঁরা।

এদিকে, SSC-র নিয়োগ দুর্নীতির জেরে প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষাকর্মীর চাকরি বাতিলের জেরে মুর্শিদাবাদের স্কুলগুলি চরম সঙ্কটে মুখে পড়তে চলেছে। গ্রীষ্মের ছুটির পর স্কুল খুললেই তার প্রভাব পড়বে পঠন পাঠনে। আদালতের নির্দেশে জেলায় কর্মরত ৪ হাজারেরও বেশি শিক্ষক ও শিক্ষা কর্মী চাকরি হারাতে চলেছেন। এর মধ্যে রয়েছেন, ফারাক্কার অর্জুনপুর হাইস্কুলের ৩৬ জন শিক্ষক-শিক্ষা কর্মী। ২০১৮ ও ১৯ এ হাইস্কুলে এঁদের নিয়োগ করা হয়। শুধু তাই নয়, এই রায়ের প্রেক্ষিতে যে সমস্ত শিক্ষকের লোকসভা নির্বাচনে বুথে ডিউটি রয়েছে তাঁরা কী করবেন, তাও বুঝে উঠতে পারছেন না কেউই। যদিও জেলা নির্বাচন দপ্তর সুত্রে জানা গেছে, ভোট কর্মীর ঘাটতি হবেনা। আগে থেকেই বহু শিক্ষক বদলী নিয়ে চলে যাওয়ায় জেলার অনেক স্কুলে শিক্ষক সংখ্যা অপ্রতুল। হাইকোর্টের রায়ের পর স্কুল চালানো মুস্কিল হবে বলে জানাচ্ছেন প্রধান শিক্ষকেরা।

*********************

নিয়োগ দুর্নীতি মামলায় অভিযুক্ত আধিকারিকদের বিরুদ্ধে বিচার প্রক্রিয়ার শুরুর অনুমতি না পাওয়ায় ফের রাজ্যের মুখ্যসচিবের জবাব তলব করল কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ। এবারও নিজের অবস্থান না জানালে মুখ্যসচিবের বিরুদ্ধে আদালত অবমাননার রুল জারি হবে বলে আজ জানিয়েছেন বিচারপতি জয়মাল্য বাগচি এবং বিচারপতি গৌরাঙ্গ কান্তের ডিভিশন বেঞ্চ।

প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়, সুবীরেশ ভট্টাচার্য-সহ শিক্ষা দফতরের কয়েক জন প্রাক্তন আধিকারিকের জামিনের মামলার আজ শুনানি ছিল। মুখ্যসচিবের অনুমতি না পাওয়ায় অভিযুক্তদের বিরুদ্ধে বিচার প্রক্রিয়া শুরু করা যায়নি বলে অভিযোগ করে সিবিআই। ১০ মাস ধরে ওই আবেদন পড়ে রয়েছে বলে দাবি সিবিআইয়ের। আজ রাজ্য সরকারের তরফে জানানো হয়, ভোটের কাজে ব্যস্ত থাকায় মুখ্যসচিব জবাব দিতে পারেন নি। এই নিয়ে অসন্তোষ প্রকাশ করে মুখ্যসচিবকে চতুর্থ বারের জন্য সময় দিয়েছে আদালত। আগামী ২রা মে-র মধ্যে তাঁকে বিচার প্রক্রিয়া শুরুর অনুমতি নিয়ে অবস্থান জানাতে হবে।

*********************

SSC মামলায় কলকাতা হাইকোর্ট-এর রায়ে ২৫ হাজার ৭৫৩ জন শিক্ষক ও শিক্ষা কর্মীর চাকরী বাতিল হওয়ার পর নির্বাচনী প্রচারে এ নিয়ে তৃণমূল কংগ্রেস সরকার এবং মুখ্যমন্ত্রীকে আক্রমণের নিশানা করেছেন প্রবীণ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ। উত্তর দিনাজপুরের রায়গঞ্জের দলীয় প্রার্থী কার্তিক চন্দ্র পালের হয়ে প্রচারে এসে আজ করণদিঘীতে এক জনসভায় তিনি বলেন, মমতা ব্যানার্জির শাসন কালে বাংলাকে গ্রাস করেছে সর্বব্যাপী দুর্নীতি। চাকরীর জন্য ১০ লক্ষ ১৫ লক্ষ টাকা করে ঘুষ নেওয়া হতো। এক মন্ত্রীর ঘর থেকে উদ্ধার হয়েছিল নগদ ৫১ কোটি টাকা। এই দুর্নীতি একমাত্র নরেন্দ্র মোদী সরকারই বন্ধ করতে পারে।

(বাইট- অমিত শাহ )

রাজ্যে বিজেপি ৩০টির বেশী আসন পেলে মোদী সরকার উত্তরবঙ্গের মানুষের জন্য রায়গঞ্জে AIMS হাসপাতাল গড়ে তুলবে বলে প্রতিশ্রুতি দেন অমিত শাহ। এদিন'ও শরণার্থীদের নাগরিকত্ব দেওয়ার ক্ষেত্রে মমতা ব্যানার্জি সরকার বাধার সৃষ্টি করছে বলে তিনি অভিযোগ করেন।

করণদিঘীর সভা থেকে স্বরাষ্ট্র মন্ত্রী যান মালদায়। মালদা-দক্ষিণ কেন্দ্রের বিজেপি প্রার্থী শ্রী রূপা মিত্র চৌধুরীর সমর্থনে আজ প্রখর রোদ মাথায় নিয়ে ইংরেজ বাজার শহরে রোড শো করেন অমিত শাহ। ৪০ ডিগ্রির বেশী তাপমাত্রা উপেক্ষা করে বহু মানুষ তাঁর রোড শো দেখতে ভিড় করায় আবেগে আপ্লুত হয়ে পরেন তিনি। এখানেও তৃণমূল সরকারের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগে তিনি সরব হন। মালদা থেকে হেলিকপ্টারে বিহারের পূর্ণিয়া রওনা হয়ে যান অমিত শাহ।

*********************

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ **বীরভূমের দলীয় প্রার্থী শতাব্দী রায়ের** সমর্থনে হাসনে জনসভা করেন। এই সভাতেও হাইকোর্টে SSC মামলার রায়ের জন্য বিজেপিকে দায়ী করেন তিনি। বিজেপি ভয় দেখানোর রাজনীতি করছে বলেও মমতা অভিযোগ করেন।

(বাইট-মমতা )

এরপর পূর্ব বর্ধমানের ভাতারে **বর্ধমান-দুর্গাপুর লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী কীর্তি আজাদ এবং পূর্ব বর্ধমানের দলীয় প্রার্থী ডাক্তার শর্মিলা সরকারের হয়ে** প্রচারে'ও মুখ্যমন্ত্রী হাইকোর্টের রায়ের প্রসঙ্গ উত্থাপন করেন। তিনি বলেন, কোথাও একটা ভুল হয়েছে, কিন্তু সেজন্য এতো ছেলেমেয়ের চাকরী বাতিল কেন হবে, এই রায়ের জেরে কেউ যদি আত্মঘাতী হন, তার দায়িত্ব কে নেবে সেই প্রশ্ন তোলেন মুখ্যমন্ত্রী।

( বাইট-মমতা )

**দার্জিলিং-এর তৃণমূল কংগ্রেস প্রার্থী গোপাল লামার** সমর্থনে আজ শিলিগুড়ির জনসভায় তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জি অবশ্য হাইকোর্টের রায় নিয়ে কোনো মন্তব্য করেন নি। 'মোদীর গ্যারান্টি'-র সঙ্গে 'দিদির গ্যারান্টি'-র তুলনাই ছিল তাঁর মূল বক্তব্য।

**মালদার কালিয়াচকের** জনসভায় বিজেপিকে চ্যালেঞ্জ ছুঁড়ে দিয়ে অভিষেক বলেন, বিজেপি শাসিত যেকোনো রাজ্যে বাংলায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি যেভাবে লক্ষ্মীর ভান্ডারের সুবিধা দিচ্ছেন, সেরকম কিছু দেখাতে পারলে, তিনি রাজনীতি থেকে চিরতরে বিদায় নেবেন। ১০০ দিনের কাজের টাকা বন্ধ করে দেওয়া নিয়ে এদিন'ও বিজেপি্র তীব্র সমালোচনা করেন তিনি।

(বাইট- অভিষেক )

*********************

দার্জিলিং-এর বিজেপি প্রার্থীর সমর্থনে আজ প্রচারে আসেন দলের নেতা, কেন্দ্রীয় মন্ত্রী কিরেণ রিজিজু। তিনিও নিয়োগ দুর্নীতি মামলায় ২৫ হাজারের বেশী চাকরী বাতিলের কথা উল্লেখ করে বলেন, পশ্চিমবঙ্গে টাকা না দিলে কোনো কাজ হয়না।

এরাজ্যের প্রতিটি বিভাগ ও মন্ত্রী দুর্নীতির সঙ্গে জড়িত বলেও অভিযোগ করেন তিনি।

*********************

দ্বিতীয় দফার লোকসভা ভোটের প্রচার শেষ হচ্ছে আগামীকাল। এই দফায় দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাট কেন্দ্রে ভোট নেওয়া হবে শুক্রবার ২৬শে এপ্রিল।

তৃতীয় দফায় ৭'ই মে ভোট গ্রহণ চারটি আসনে- মালদা উত্তর ও দক্ষিণ, জঙ্গীপুর ও মুর্শিদাবাদে।

ভোটারদের মন জয়ে চেষ্টার ত্রুটি রাখছেন না তারকা প্রচারকরা।

*********************

ভোট মিটে যাওয়ার পর কোচবিহারের শীতলকুচির বিভিন্ন এলাকায় বিজেপি কর্মীদের ওপর পুলিশী নির্যাতনের অভিযোগ উঠেছে। নির্যাতিত দলীয় কর্মীদের সঙ্গে আজ দেখা করতে যান স্থানীয় বিধায়ক বরেণ বর্মণ। তাঁকে কাছে পেয়ে ক্ষোভ উগড়ে দেন বিজেপি কর্মীরা। তাঁদের অভিযোগ, পুলিশ রাতে দরজে ভেঙ্গে ঘরে ঢুকে অত্যাচার চালাচ্ছে। যদিও এ নিয়ে পুলিশের কোনো প্রতিক্রিয়া মেলেনি।

*********************

চতুর্থ দফা লোকসভা নির্বাচনে মনোনয়ন জমা দেওয়ার কাজ চলেছে। আসানসোল কেন্দ্রের বিজেপি প্রার্থী এস এস আলুওয়ালিয়া, তৃণমূল কংগ্রেস প্রার্থী শত্রুঘন সিন্‌হা, ও কংগ্রেস সমর্থিত CPIM প্রার্থী জাহানার খান আজ মনোনয়ন পত্র পেশ করেন। বর্ধমান- দুর্গাপুর কেন্দ্রের তৃণমূল প্রার্থী কীর্তি আজাদ'ও আজ মনোনয়ন দাখিল করেছেন।

********************

দার্জিলিং-এর বিজেপি প্রার্থী রাজু বিস্ত-কে সমর্থন করার কথা ঘোষণা করার পরই বিনয় তামাং-কে দল থেকে ৬'বছরের জন্য বহিষ্কার করলো কংগ্রেস। প্রদেশ কংগ্রেস কমিটির বিজ্ঞপ্তি অনুযায়ী, অবিলম্বে এই সিদ্ধান্ত কার্যকর হয়েছে।

********************

মুর্শিদাবাদে রামনবমীকে কেন্দ্র করে অশান্তির ঘটনায় রাজ্য সরকারের কাছে রিপোর্ট চেয়েছে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ। ওই ঘটনায় এনআইএ তদন্তের দাবি জানিয়ে হাইকোর্টে মামলা হয়। ওই ঘটনায় উদ্বেগ প্রকাশ করে আজ প্রধান বিচারপতি জানান, যেখানে মানুষ শান্তিতে নিজেদের উৎসব পালন করতে পারেন না, সেখানে এখন ভোটেরও প্রয়োজন নেই। অশান্তির ঘটনা নিয়ে রাজ্যকে রিপোর্ট দেওয়ার নির্দেশ দিয়েছে আদালত। ২৬ এপ্রিল মামলার পরবর্তী শুনানি হবে।

********************

পশ্চিম থেকে উত্তর পশ্চিম দিকে বইতে থাকা শুষ্ক বাতাস এবং তীব্র তাপপ্রবাহে দক্ষিণবঙ্গের স্বাভাবিক জনজীবন ব্যাহত। ২৭শে এপ্রিল পর্যন্ত এই পরিস্থিতি চলবে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

********************

সন্দেশখালি কান্ডে মূল অভিযুক্ত শেখ শাজাহানের ভাই শেখ সিরাজুদ্দিনের নামে ইডি 'লুক আউট' নোটিশ জারি করেছে। গত ৫'ই জানুয়ারী রেশন দুর্নীতি কান্ডের তদন্তে যাওয়া ইডি আধিকারিকদের ওপর হামলার পর সিরাজুদ্দিনের খোঁজ ছিলনা। নোটিশ পাঠিয়েও সাড়া মেলেনি। মোবাইলেও পাওয়া যায়নি তাকে। তাই এবার লুক

আউট নোটিশ জারি করলো ইডি। দেশের সমস্ত বন্দর ও বিমান বন্দরে তা’ পাঠিয়ে দেওয়া হয়েছে।

*********************

মোহনবাগান সুপার জায়ান্ট আজ আইএসএলের প্রথম সেমিফাইনালে ওড়িশা FC-র মুখোমুখি হয়েছে। ভুবনেশ্বরের কলিঙ্গ ষ্টেডিয়ামে আয়োজিত এই ম্যাচে, শেষ পাওয়া খবরে জানা গেছে – দু’টি দলই একটি  করে গোল করেছে।

দ্বিতীয় পর্বের সেমিফাইনালটি হবে  ২৮ শে এপ্রিল যুবভারতী ক্রীড়াঙ্গনে।

**************************************************************